দৈনিক ইত্তেফাক

তারিখ 09 MAY 1987
পৃষ্ঠা ৬ কলাম ১

২৪তম খেয়া: ১৯৬৪ ৩৪৮

18

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# 'নূতন শিক্ষা কমিশন অতীতের সকল কমিশনের রিপোর্ট পর্যালোচনা করিবে'

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, সম্প্রতি গঠিত শিক্ষা কমিশন কুদরত-ই-খুদা কমিশনসহ অতীতের সকল শিক্ষা কমিশনের রিপোর্ট পরীক্ষা ও পর্যালোচনা করিয়া বর্তমানের প্রেক্ষিতে বাস্তবায়নের জন্য সেগুলি হইতে কি পরিমাণ গ্রহণ করা যায় উহা সুপারিশ করিবে। তিনি গত বৃহস্পতিবার প্রখ্যাত বিজ্ঞানী ও শিক্ষাবিদ মরহুম ডঃ কুদরত-ই-খুদার ৮৭তম জন্মদিবস পালন উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন।

ডঃ কুদরত-ই-খুদা ফাউণ্ডেশন, বিজ্ঞান চর্চা এবং সুবিচার সংঘের যৌথ উদ্যোগে আয়োজিত সভায় বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী আশ্বাস দেন যে, ডঃ খুদার শেষ বয়সের লেখা 'পাণ্ডুলিপি প্রকাশ করা' হইবে।

খাদ্য বিজ্ঞান ও প্রযুক্তি ইনষ্টিটিউটের পরিচালক ডঃ এস এফ রাব্বির সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আহমদ ফরিদউদ্দিন, ডঃ এ এম শরফুদ্দিন প্রমুখ বক্তৃতা করেন।